আর. গোসিনি

এ. ইউদেরজো

নতুন অভিযানে অ্যাসটেরিক্স

অ্যাসটেরিক্স ও হারানো পাণ্ডুলিপি

গল্পঃ জেন-ইভ্যেস ফেররী

ছবিঃ দিদিয়ার কনর‍্যাড

অনুবাদঃ রূপক ঘোষ

গোসিনি ও ইয়ুদেরজোর

নিবেদন

অ্যাসটেরিক্সের নতুন অভিযান

অ্যাসটেরিক্স ও হারানো পাণ্ডুলিপি

গল্পঃ জেন-ইভ্‌স ফেররী

ছবিঃ দিদিয়ার কনর‍্যাড

বাংলায় অনুবাদঃ রূপক ঘোষ

রঙে রাঙিয়েছেনঃ থিয়েরি মেবারকি

চিত্রচোর কমিকস্

চিত্রচোর কমিকস্

CHITRACHOR.BLOGSPOT.IN

আসল নামঃ লা প্যাপিরাস দে সিজার

ইংরাজি অনুবাদ ঃ অ্যান্থেনা বেল
বাংলা অনুবাদ ঃ রূপক ঘোষ
বর্ণ বিন্যাস ঃ রূপক ঘোষ
প্রচ্ছদপত্র রূপান্তর ঃ রূপক ঘোষ

অনুবাদকের কথা

অনুবাদকের জন্য সাহস করে একটা পেজ বেশি রেখে দেওয়া হয়েছে,
যাতে এই কমিক অ্যালবামটি অনুবাদ করার সময়ের অভিজ্ঞতা
আপনাদের সাথে ভাগ করে নেওয়া যায়...
এটি একটি কমেডি / অ্যাডভেঞ্চার কমিক অ্যালবাম সব বয়সের পাঠকদের
পড়ার জন্য উপযুক্ত। তাই নির্দ্বিধায় ৮ থেকে ৮০ সকলেই এই কমিক অ্যালবামটির
মজা নিতে পারেন।
অনুবাদ করার সময় সম্পূর্ণ ইংরাজি থেকে বাংলায় করলে অদ্ভুত শোনায়, তাই চেষ্টা করেছি সংলাপ গুলো বাংলায় যথাযথ করার ও কিছু ক্ষেত্রে শব্দগুলো ইংরাজিতেই রাখা হয়েছে। অ্যাসটেরিক্সের অনুবাদের একটি মজাদার দিক হল পার্শ্ব চরিত্রগুলোর নামকরনে। তাই পার্শ্ব চরিত্রদের আসল নামগুলি বেশিরভাগ ক্ষেত্রে তাদের মূল নামের অর্থের বাংলা করলে যা দাঁড়ায় সেটাই মানানসই হিসেবে একটু পরিবর্তন করা হয়েছে পরিবর্তন করা হয়েছে, বিশেষকরে রোমানদের ক্ষেত্রে। অ্যালবামটির ইংরাজি সংস্করণের নাম "অ্যাসটেরিক্স এন্ড দ্য মিসিং স্ক্রোল" সেটিকে বাংলা সংস্করনে নামকরণে করা হয়েছে "অ্যাসটেরিক্স ও হারানো পান্ডুলিপি"। প্রথমে আমি অ্যাসটেরিক্স ও হারানো পুঁথি নামটি পছন্দ করেছিলাম, তারপরে শেষপর্যন্ত সেটি বদলে বর্তমান নামেই নামকরন চূড়ান্ত করি। প্রচ্ছদপত্র টির মূল ভাষা থেকে বাংলায় করতে, লেখাগুলি পরিস্কার করতে কমবেশি ৪-৫ ঘন্টা লেগেছে, কারন প্রয়োজন মতো ড্রয়িং করে লেখার গ্যাপটি পূরণ করা হয়েছে। হারানো পান্ডুলিপি নামটির ক্যালিগ্রাফির ক্ষেত্রে মুল ইংরাজি প্রচ্ছদের স্টাইলে ফন্টটা রাখার চেস্টা করেছি। আসল নামটির অনেকটা কাছাকাছি আসতে পেরেছি বলেই মনে হয়।
৪৯ পাতার একটি কমিক অ্যালবাম সম্পূর্ণ বাংলায় অনুবাদ করা যে কতোটা কস্টকর সে যারা করেছেন তারাই ভালো বুঝবেন। এতে যে কতোটা পরিমাণ ধৈর্য ও আন্তরিকতার প্রয়োজন সেটা নিজে না করলে অনুভব করাটা কঠিন। এই গ্রাফিক নভেলটি সম্পূর্ণ করতে আমার ৪-৫ সপ্তাহের বেশী সময় লেগে গেছে এর মূল কারন অফিস থেকে ফিরে সময় রাত্রিতে বসে অনুবাদ সম্পূর্ণ করতে হয়, তাই কিছু ক্ষেত্রে বিলম্ব হয়েছে। তবুও যে এটা তিন কিস্তিতে পরপর চিত্রচোর ব্লগে শেয়ার করতে পেরেছি সেইজন্য ঈশ্বরকেও ধন্যবাদ জানাই। আরেকটি কথা এখানে জানিয়ে রাখতে চাই সেটা হচ্ছে অনুবাদক বন্ধু সাওন দত্ত (যার কথা আগে আপনারা ব্লগে পড়ে থাকবেন) যে আগে অনেকগুলো অ্যাসটেরিক্স অনুবাদ করেছে ও বর্তমানেও করছে, সাওন এই কমিক্স টি অনুবাদ শুরু করেছিল, তখন ব্লগে পিক্ট শুরু হয়েছে, সম্ভবত দ্বিতীয় কিস্তি চলছে। আর সাথে সাথেই এই হারানো পান্ডুলিপির কাজও বেশ কিছুটা এগিয়ে গেছে। তখন আমি সাওন কে আমারও একই কমিক্স অনুবাদ চলছে তা জানাই, প্রসঙ্গত বলে রাখা ভালো যে একই অনুবাদ বারবার না করে অন্য বাকি গুলো করলেই বেশি সুবিধা হবে, কারন এমনিই শখের অনুবাদকের সংখ্যা যথেস্ট কম, একথাও তাকে জানাই। বলা বাহুল্য, ও আগেই আমার পিক্ট দলের অনুবাদ পড়েছে সেটারও কিছু প্রশংসা করে ও নিজেই নির্দ্বিধায় এই অনুবাদটা আমাকেই করতে বলে। সেজন্য তাকে অসংখ্য ধন্যবাদ জানানো অবশ্যই আমার কর্তব্য। প্রতিটি কমিকসের ক্ষেত্রেই লেটারিং খুব গুরুত্বপূর্ণ। কিন্তু অনেকক্ষেত্রেই, এমনকি প্রকাশিত অনেক অ্যাসটেরিক্সের তথা অন্য কমিকস এর অনুবাদের ক্ষেত্রে এগুলি অবহেলিত। আমি এই কমিকসটির সম্পূর্ণ সংকলনে সব লেটারিং অনুবাদ করেছি। সর্বোপরি, এটি পাঠকদের মাঝে সমাদৃত হলে আমার পরিশ্রম সার্থক হবে। পাঠক বন্ধুদের আরও একটা অ্যাসটেরিক্স কমিকস অ্যালবাম সম্পূর্ণ রূপে বাংলায় উপহার দিতে পারছি এতে আমিও বেশ আনন্দিত বোধ করছি।

তবুও, নিজের দক্ষতা ও যথাযথ ভাষা প্রয়োগের অক্ষমতা জন্য এবং বানান ভুলের ক্ষেত্রে পাঠকেরা নিজগুণে আমাকে ক্ষমা করে নেবেন, এই আশা রাখছি।

রূপক

অ্যাসটেরিক্স, এই রোমাঞ্চকর গল্পগুলির নায়ক। এই ছোটখাটো যোদ্ধার যেমন বুদ্ধি, তেমনই সাহস। বিপজ্জনক সব কাজের দায়িত্বই ওকে নির্দ্বিধায় দেওয়া যায়। অ্যাসটেরিক্সের আছে অতিমানবিক শক্তি, যার উৎস পুরোহিত এটাসেটামিক্সের জাদু-পানীয়ের পাত্র...

ওবেলিক্স, অ্যাসটেরিক্সের প্রাণের বন্ধু। 'মেনহির' নামে এক ধরনের স্মারকশিলা বাড়ি বাড়ি পৌঁছে দেওয়া এর পেশা, বুনো শুয়োরের 'রোস্ট' খাওয়া এর নেশা। যে-কোনও সময় সব কাজ ফেলে ওবেলিক্স বেরোতে পারে বন্ধুর সঙ্গে নতুন অভিযানে। সঙ্গে থাকে গোঁয়ার্তুমিক্স, পৃথিবীর একমাত্র কুকুর যে গাছ উপড়ে পড়লে চিৎকার করে কাঁদে।

এটাসেটামিক্স। গ্রামের খুব মান্য পুরোহিত। গাছগাছড়া থেকে তৈরি করেন নানা রকম পানীয়। এর মধ্যে শ্রেষ্ঠ হচ্ছে তাঁর নিজস্ব এক জাদু-শরবত। গলায় ঢাললে শরীরে আসে অতিমানবিক শক্তি। এ ছাড়াও এটাসেটামিক্স জানেন নানা রকম গোপন কৌশল...

কলরবিক্স। চারণকবি। এঁর সংগীতপ্রতিভা সম্বন্ধে নানা জনের নানা মত। এঁর নিজের বিশ্বাস, ইনি অসামান্য প্রতিভাবান। অন্যেরা ভাবে উলটো। অবশ্য গান-টান না গাইলে, কিংবা মুখ না খুললে এঁর মতো বন্ধু কমই আছে....

এবং বিশালাকৃতিক্স। গ্রামের মহামান্য প্রধান। রাজসিক, সাহসী, রগচটা ও অভিজ্ঞ যোদ্ধা। প্রজারা যেমন শ্রদ্ধা করে, শত্রুরা তেমনই ভয় করে। এঁর একটাই ভয়, আগামীকাল মাথায় না আকাশ ভেঙে পড়ে... তবে নিজেই আবার বলেন, 'আগামীকাল কখনও আসে না।'

গলদের গ্রাম

পেতিব্নোনাম

লোডানাম

অ্যাকোয়েরিয়াম

বাবাওরাম

বে ল জি কা

লু তে শি য়া

SPQR

আ র মো রি কা

গল

(রোমান সাম্রাজ্যের অধীনে)

৫০ খ্রিস্টপূর্বাব্দ

কে ল টি কা

রো মা ন ভি ন্স

অ্যা কু ই টা নি য়া

যিশুর জন্মের ৫০ বছর আগে। সমস্ত গল দেশ রোমের অধীনে...ঠিক সবটা নয়, এক ছোট্ট গ্রাম এখনও অদম্য। সেই গ্রামের বীর বাসিন্দারা এখনও ঠেকিয়ে রেখেছে বিদেশি আক্রমণকারীদের। গ্রামের কাছাকাছি চারটি রোমান সেনাশিবির : পেতিবোনাম, বাবাওরাম, অ্যাকোয়েরিয়াম ও লোডানাম। শিবির চারটিতে যে রোমান সেনারা বাস করে, তাদের জীবন খুব একটা শান্তিপূর্ণ নয়...

আমাদের গল্প শুরু হচ্ছে রোমে জুলিয়াস সিজারের রাজপ্রাসাদে,যেখানে সিজার স্বয়ং তার পরামর্শদাতা ও প্রকাশক, ইলোকয়েন্ট লিবেলাস ধুমধাড়াক্কাস এর কাছ থেকে পরামর্শ নিচ্ছেন ...

গলেদের যুদ্ধপ্রসঙ্গে। এইটাই যথার্থ নামকরণ, হে সিজার ! আমি এর আগাম সাফলতা চাক্ষুষ দেখতে পাচ্ছি !

বলো দেখি,ধুমধাড়াক্কাস! আমার পান্ডুলিপিতে কি গলদ রয়েছে?

এটা তো মাত্র এইটুখানি, মহামান্য সিজার !

অধ্যায় XXIV
আরমোরিকার অদম্য গলেদের হাতে পরাজয়

হ্যাঁ,আমি জানি, জুপিটারের দিব্যি, কিন্তু দুঃখের কথা এগুলোই তো ঐতিহাসিক সত্যি !

এই পরিচ্ছেদটা বরং বাদ দিয়ে দিন, হে সিজার ! এটা আপনার শংসাপত্রের একটা ধাক্কা।

তুমি চাও সিজার সত্যের সাথে আপোষ করুক?

আপোষ ? মাফ করবেন,না, হে সিজার ! আমি আপনাকে ইতিহাসের ওই পরিচ্ছেদের ওপরে একটা পরিমিত পর্দা আঁকার পরামর্শ দিচ্ছি। শেষ কয়েক বছর আগে আমরা ওই গলেদের ব্যাপারে শুনেছিলাম তার ঠিক নেই। রোমানরা তাদের অস্তিত্বের কথা মনে রেখেছে কিনা তা নিয়ে সন্দেহ আছে?

আর কতজন গলই বা আপত্তি করবে ? ব্যাটারা সব গোমুখ্যু ! তাহলে আপনার পুস্তক প্রমান করবে যে আপনি গলের সমস্তটাই জয় করেছেন,আর সেনেট আপনার অন্যান্য বিজয়ের জন্যও অর্থপ্রদানে কার্পণ্য করবে না...

চমৎকার পরিকল্পনা, ধুমধাড়াক্কাস ! ব্যাপারটা বেশ উত্তেজনাপূর্ণ...

এই, ওরা কি নিয়ে বিড়বিড় করছে কিছু বুঝলে ?

আমার কাছে আধুনিক সাহিত্য আর গোলকরা কাগজ দুটোই সমান, বুঝলে।

তবে তাই হোক,ধুমধাড়াক্কাস ! অধ্যায়টা বাতিল করে দাও ... কিন্তু আমি আগেই সতর্ক করে দিচ্ছি ! খবরটা পাঁচকান হলে, তোমাকে সার্কাসের সিংহ দিয়ে খাওয়াব !

নিশ্চিন্ত থাকুন, হে সিজার! আমার সব কারিগরেরা বোবা-কালা। গলদের অধ্যায় পাঁচকান হবে ? এ জন্মে তার কোন সুযোগ নেই !

chitrochor.blogspot.in

মূক নামাবিয়ান গোষ্ঠীরা* এখুনি গোপনে কাজটা শুরু করবে, আর এই অধ্যায়ের সব প্রতিলিপি বাজেয়াপ্ত করা হবে...

?

?

*আজকের দিনে আমরা যাদের অনুলেখক বলি।

chitrochor.blogspot.in

বিক্ষোভ অবহেলিত হয়। মূক গোষ্ঠীর এ ব্যাপারে কিছুই বলার থাকে না।

2A

কিন্তু তাদেরই একজন, বড়োদাতা, সেই অধ্যায়ের একটা প্রতিলিপি নিয়ে পালায়...

...শুষ্ক ও চড়ে থাকা দ্বাররক্ষীদের পেছনে ফেলে সে পালিয়ে যায়।

আমার গলা শুকিয়ে গেছে।আমাদের গলা ভেজানোর জন্য কিছু চাই!

হো,হো !
নেভানোর জন্য !
এই- ওই কারিগরটা কোথায় গেল বলতো ?

chitrochor.blogspot.in

বাকিটা তো আমাদের জানা ঃ সিজারের বই,আর সেটার বর্ধিত সংস্করণ, ব্যাপক হারে সাফল্য লাভ করে। রোমের অ্যাক্টা দিউরনা* ও তা মেনে নেয়...

JVLIVS CAESAR
COMMENTARIES ON THE WAR WITH THE GAULS

II Sestertii
Custos
A FVLL AND TRIVMPHANT ACCOVNT!

Tempora
A THVNDERBOLT STRIKES THE WORLD OF LITERATVRE!

Telegraphicvs
A LATIN CLASSIC ALREADY!

*খবরের কাগজ

chitrochor.blogspot.in

2B

কিছু সময় পরে, শান্তিপূর্ণ আরমোরিকাতে, যেখানে রোমের খবর কদাচিত শোনা যায় আর কেউ তাতে খুব একটা আগ্রহীও থাকে না...

বাহ, বেশ, আমার সংবাদপত্র। ধন্যবাদ, ডাকবিভাগিক্স!

পিক!

পিক!

পিক!

আহহহ

কি খবর, সমাচারিক্স?

ওহ, মাথায় আকাশ ভেঙ্গে পড়ার মতো কিছু নয়। "রোমঃ সিজারের বই প্রকাশিত হয়েছে..."

সিজার লেখাপড়া জানে বুঝি? আমি ভেবেছিলাম সে একটা সৈনিক...

'এক বিজয়! পঞ্চাশ প্রতিলিপি এর মধ্যেই বিক্রি হয়ে গেছে!'

একটা বই? হ্যাঁ মেলায় শুনেছিলাম বটে...

ঠক! ঠক! ঠক!

এরপর রোমানদের মতলব কি ?

আসলে, এই সংবাদপত্রে একটা অংশ গলদের কাছে সবচেয়ে আকর্ষণীয় ছিলঃ

পুরোহিত অ্যাপোলোসিক্সের রাশিফল !

আআআহ!

আআহ!

আআহ!

'বড়োদের সঙ্কেতে যাদের জন্ম...'

এটা আমার!

এটা আমার!

পক!

কক!

'আপনার উচ্চাকাঙ্ক্ষা প্রশংসিত হবে। নতুন বিজয়ের আশা করতে পারেন...'

'বাদামতলায় জন্ম যাদের...'

আমাদের দুজনের, ওবেলিক্স...সেই প্রাচীন শুভ্র বাদামতলা!

'লড়াই থেকে দূরে থাকুন। ভাণ্ডারে মজুত করুন।আর ঝলসানো শুয়োরের ব্যাপারে সংযত থাকুন!'

'গুল্মের ছায়ায় জন্ম যাদের...'

এটা আমার !

'গুল্মে পরিপূর্ণ,আপনি অনুপ্রেরণায় পরিপূর্ণ।এটাকে নিয়ন্ত্রন করুন !'

সেটা তো আমরা দেখবো।

'সিংহবিক্রমঃ এখন তোমাদের দলপ্রধান পরিবার কি জিনিষ তা দেখানোর সময় এসেছে...'

এটা আমি সিংহহৃদয় !

মন খারাপ কোর না, ওবেলিক্স! এই রাশিফল বেকার জিনিষ...আমাকে দেখ...আমি কি মাথা ঘামাচ্ছি?

না,কারন তুমি শক্ত মনের,অ্যাসটেরিক্স। আমার মন শক্ত নয়। আমার আত্মা দুর্বল ও অনুভূতিপ্রবণ ...

ওহ,ছাড়ো তো, এতোটা ভেঙ্গে পড়ার কিছু হয়নি!

তোমার কি মনে হয় ঝলসানো শুয়োরের ব্যাপারে সংযত থাকাটা অতোটা খারাপ ব্যাপার নয়?

শান্ত হও,ওবেলিক্স। তোমার ঝামেলার থেকে দূরে থাকা উচিত।

কি হয়েছে, অ্যাসটেরিক্স ?

বুঝলে পুরোহিত, মনে হচ্ছে ওবেলিক্স ওর রাশিফল শুনে পুরোপুরি বিভ্রান্ত হয়ে গেছে ...

হ্যাঁ,দেখে অদ্ভুত মনে হলেও,কিছু মানুষ মাঝেমধ্যেই লেখা দেখে বিশ্বাস করে নেয়!

ইতিমধ্যে,রোমে,ধুমধাড়াক্কাস সিজারের 'গলেদের সাথে যুদ্ধ' বই প্রকাশের জন্য একটা জমকালো অনুষ্ঠানের আয়োজন করেছে।

এক চমৎকার বিজয় !

ভার্জিলের থেকেও ভালো !

প্রকাশকেরাও একমত, বুঝলে, প্রিয় ধুমধাড়াক্কাস !

মুন্ডুসে তোমার নিজের সমালোচনাটাও আমার কিন্তু বেশ ভালো লেগেছে।

সর্বদা নতুন লেখকদের সাহায্য করতে ভালোবাসি ...

আবার কি হয়েছে, প্রমানঅন্ধবিশ্বাসীস?

আপনার দ্বাররক্ষীরা এসেছে, শ্রীমান ধুমধাড়াক্কাস !

হে ধুমধাড়াক্কাস আমরা আপনার নামিডিয়ান কারিগরকে পেয়েছি !

ও ফোরামের চারিদিকে ঘোরাঘুরি করছিল ...

5A

একটা অধ্যায় হারিয়ে গেছে ! তুই ওটা নিয়ে কি করেছিস? কারিগর ? **কথা বল।**

ও বলবে না। ও কথা বলতে পারে না,আপনার অন্য কারিগরের মতো ও বাকহারা বুদ্ধু।

ওর সাথে একটা সন্দেহভাজন লোককে দেখা গেছে, আমাদের বেশ পরিচিত একজন গলের সঙ্গে ...

কি বলছিস ?!
সেই গলটা কে ছিল ? কথা বল,বললি নাকি ?

এহ ... ও বোবা, ভুলে গেছেন, ধুমধাড়াক্কাস!

তাহলে লিখিয়ে নাও ! আমার এই পুরো ব্যাপারটার একটা লিখিত বিবরণ চাই !

হিহি-হিহ-হ ধুমধাড়াক্কাস !
আমরা কতো মজা করছি ! এসো আমাদের সাথে যোগ দাও !

হি হিহ! এক্ষুনি আসছি।

5B

কিছুসময় পরে...
করিগরটা লিখেছে যে সে এটা করেছে আদর্শবাদের জন্য।
ও গলদের সাথে সংহতি দেখানোর দাবি কয়েছে আর ওদের ইতিহাসে একটা মূল অধ্যায় অজানা না রাখতে চেয়েই ও এই কাজ করেছে।
বোদ্ধা কারিগর? এইটাই বাকি ছিল !

আর এই হল সেই গলীয় সক্রিয় কর্মীর প্রমান, যাকে সে প্যাপিরাসটা দিয়েছে।
দাও দেখি, জলদী !
বিভ্রান্তরাজনীতিক্স
সন্ধান চাই
গ্রাম ও মেলার প্রসিদ্ধ সিমাহীন খবর বিক্রেতা
সিজারের দিকে কাদা ছোড়ার ও ওনার প্রাসাদের দেওয়ালে ছবি আঁকার জন্য আগেই এর নামে অভিযোগ আছে।

6A
ওই গলটা এতক্ষনে নিশ্চয়ই ওই হারানো অধ্যায়টা লুকোবার জন্য গ্রামে যাচ্ছে !
প্রমানঅন্ধবিশ্বাসীস ! আমার বিশেষ দলকে এর বিচারের দায়ভার দিয়ে দাও,আর বার্তাবাহক পায়রাগুলোকে যথাযথ নির্দেশ দিয়ে চতুর্দিকে পাঠিয়ে দাও। সিজার ব্যাপারে ঝড় তোলার আগেই এ ব্যাটাকে পাকড়াও করতে হবে !
কাজটা হয়ে যাবে, শ্রীমান ধুমধাড়াক্কাস।

আততায়ীকে পাকড়াও করার জন্য ইতিমধ্যেই ধুমধাড়াক্কাসের সমালোচক দল বেরিয়ে পড়লো...
তাহলে আমরা প্রতিবারের মতোই চৌকিদারি পায়রা !
বকম্!

6B

কিছু পরে,
গলগ্রামে...

আমি তোকে কি বলছি,গোঁয়ার্তুমিক্স,চল আমরা বরং মাশরুম শিকারে যাই। পুরোহিত অ্যাপোলোসিক্সের রাশিফল তো আর মাশরুমের ওপরে সংযত থাকতে বলেনি !

বাম্মম্

?

তুমি কি অদম্য গলদের একজন ? দয়া করে আমাকে বাঁচাও! এই রোমানগুলো আমাকে চুপ করাতে চায়!

?

থামো ! তোমরা শুনতে পেয়েছ ? এ একটা অদম্য গল !

জলদি, পেছনে মোড়!

দাঁড়াও!
তোমাদের কোনও ভয় নেই, আমার ঝামেলায় জড়ানো বারন আছে !

ওরা সবাই একই কথা বলে।

অবশেষে,একজন অদম্য গলের মুখোমুখি হলাম ! তুমি কি অ্যাসটেরিক্স,সেই চতুর যোদ্ধা যাকে রোমানরা ভয় পায় ?

না,আমি তার প্রাণের বন্ধু ওবেলিক্স,আর আমার বুনো শুয়োর ভালো লাগে কিন্তু আমাকে এখন ওদের থেকে সংযত থাকতে হবে।

কি ভাগ্য !
আমি বিভ্রান্তরাজনিতিক্স, একজন খবর বিক্রেতা,লুতেশিয়ান দৈনিক ছাপাখানার রোমান সংবাদদাতা।

আর আমার কাছে একটা নথিপত্র আছে যা সাম্রাজ্য কাঁপিয়ে দেবেঃ
সিজারের নতুন বইয়ের হারানো পাণ্ডুলিপি!

তুমি কি সঙ্গে সবসময় খাবার নিয়ে ঘুরে বেড়াও ?

আমার পায়রাগুলো ? আরে না না! এগুলো তো বার্তা পাঠানোর কাজে লাগে।

বকম্ বক

তোমার কোমরের দেখাশুনো করার জন্য বুদ্ধিটা কিন্তু মন্দ নয়।

?

চমৎকার ! এই তো আমি সিজারের বর্ণিত অদম্য গলেদের সেই বিখ্যাত গ্রামে এসে পড়েছি!

তাহলে সত্যি সত্যি সিজার লেখাপড়া জানে ?

অবশ্যই ! এমনকি উনি লিখেছেন যে তোমাদের গ্রামের ঐক্য ও সম্পূর্ণ শান্তির ...

নতুন বিজয়ের আশা, হ্যাঁ? হেসে বাচি নে।

8A

তোর এতো বড়ো সাহস, কি করে বলিস যে রাশিতে বিশ্বাস নেই, শয়তান ছোকরা কোথাকার !

হুহ! মাছেরাই বরং মাটির আরও কাছের !

?

নতুন বিজয়, হচ্ছে বুঝি ?

ফিকফিক!

তোর **হিংসে হচ্ছে!**

আমার রাশিফলে তো আমার অনুপ্রেরনাকে পুরোপুরি নিয়ন্ত্রন করতে বলেছে !

আমারও তাই !

আমার রাশিফল অনুযায়ী আমি একজন দলপতি,বাস্তবেও তাই !

রাশিফল হোক বা না হোক, তুমি সবাইকে সামলাতে ওস্তাদ !

আমি জন্মেছিলাম গাছের তলায় কাউকে ছাড়ি না যদি কেউ জালায় !

এদিকে এসো, এই যে এটাই দলপতির কুটির !

8B

তুমি কি বললে, একটা অধ্যায় ?

হ্যাঁ, সিজারের লেখা 'গলেদের সাথে যুদ্ধ' বইটার একটা অধ্যায় যেটা বাতিল করা হয়েছে !

ও লুতেশিয়ার একজন খবর বিক্রেতা যে নিজের পায়রাগুলো না খেয়ে সঙ্গে নিয়ে ঘুরে বেড়ায়।

বকম

ওদের একজন কর্মচারী পালিয়ে এসেছিল সেই এটা আমাকে দেয়, আমি যখন রোমে খবর বিক্রি* করছিলাম তখন। তারপর থেকেই রোমানরা আমার পিছনে পড়ে আছে।

* আজকালকার দিনে হলে আমরা ওকে হয়তো ভবঘুরে সাংবাদিক বলতাম।

এই অধ্যায়টা তোমার ব্যাপারে। সূচীপত্র দেখ !

ওর তর্জনী দেখতে বলেনি, ওবেলিক্স।

সূচীপত্র

সিজার ও অদম্য গলেদের সঙ্গে সংঘাতের ঘটনাক্রম

গলদেশ পরিক্রমায় সিজার

ঢালের খোঁজে

সাইবেরিয়ার বন্দী

বটুয়াস কনভলবহুলাস

দেবতাদের রাজপ্রাসাদ

করাসিকা

আর তুমি বলছ ও এই অধ্যায়টাই বাতিল করেছে? ছ্যাঃ, ছ্যাঃ! সিজার আমাকে নিরাশ করলো ...

এটা সত্যিই বেশ চমৎকার অধ্যায়, বেশ ভালো...

পুরনো সেই সুখের স্মৃতির কথা মনে করিয়ে দিল !

কিসের তর্জনী ?

?

দাঁড়াও, তোমরা কি দেখতে পাচ্ছ না ? এই প্যাপিরাস মুখে একটা বিশাল **টুল্লা** *।

* লাতিন, বেলচা বিশেষ

এর থেকেই প্রমানিত হয় সিজার মিথ্যে বলেছে, আর গলের **পুরোটা** এখনো তার অধিনে নয় !

চিন্তা করো রোমানরা জানতে পারলে কি কেলেঙ্কারি কান্ডই না হবে !

পুরো সাম্রাজ্য কেঁপে উঠবে!

তাহলে তুমি বলতে চাইছ যে আমরা এখনো আক্রমণ প্রতিহত করছি তা রোমের লোকেরা জানেই না ?

এটা অসম্ভব নয়। রোম অনেক দূরে, আর তুলনামূলক ভাবে আমরা যেহেতু বিচক্ষণ...

বুঝেছি ! ধরো আমি যদি ব্যাপারটা বোঝাতে একটা বই লিখি ? এটার নাম হবে সিজারের সঙ্গে যুদ্ধের উপাখ্যান, লেখক মহামান্য দলপতি বিশালাকৃতিক্স, আর ...

হো হো হো !

তুমি কি কিছু বললে, আপত্তিকা ?

তুমি লিখবে বই ? আমার বাজারের ফর্দ পড়তেই ওনার ঘাম ছুটে যায় !

আমি ?

আমি ...

হয়েছে,হয়েছে, শান্ত হও !

তোমাদের মনে করিয়ে দেই যে মূলত গ্রীক আর রোমানরা লিখে রাখে। আমরা গলেরা মৌখিক কথাবার্তায় বিশ্বাসী...

10A

ওস্তাদ শুধু নামেই ...

ঠিক আছে বিভ্রান্তরাজনীতিক্স, আমরা এই পাণ্ডুলিপিটা পড়ে নেব। এরমধ্যে, তোমার অবশ্যই জানা উচিত...

বক বক বকর বক !

আপত্তিকা! আমি এখানের দলপতি, আর তুমি মনে হয় ভুলে গেছ যে, যখন দলপতি কথা বলে . . .

বক বক বক !

আমার কি হবে? আমি এখন কি করবো ?

রোমানরা এই পাণ্ডুলিপির কথা না ভুলে যাওয়া পর্যন্ত তুমি কয়েকদিন আমাদের সাথেই থাকবে...

রোমানরা পড়াশুনো করতে এতো ভালোবাসে তা আমার জানাই ছিল না !

10B

ইতিমধ্যে, বাবাওরাম রোমান শিবিরে...

আভে ,সেঞ্চুরিয়ান ভেরিগ্রেগারিয়াস! আমরা রোমের সেই বিশেষ দল যারা হারানো পাণ্ডুলিপির বিষয়ে তদন্ত করছি।

আভে,হ্যাঁ,মনে হয় আমি একটা পায়রা ঝলক পড়েছিলাম তোমাদের ব্যাপারে...

রোমান সেনারা আধুনিক যোগাযোগ ব্যবস্থার সাথে অভ্যস্ত হয়ে উঠেছিল...

আমি পায়রা-দেখার কাজে এসেছি ...

এই তো অ্যান্টিভাইরাস, চলে এসেছ।

আমরা যে আততায়ীকে ধরার চেষ্টা করছিলাম সে সবেমাত্র অদম্য গলেদের গ্রামে গিয়ে পৌঁছেছে।

তোমাদের তো তাহলে, হাল ছেড়ে দেওয়া উচিত !

সেকি ?

গলেদের সঙ্গে ঝামেলায় জড়ানোর কোনও মানে হয় না।তুমি তোমাদের পাণ্ডুলিপির দেখা আর পাবে বলে তো মনে হয় না।

এহ... তাহলে তো আমাদের রোমে ফিরে যাওয়া উচিত। আমরা কি তোমাদের পায়রা ব্যবহার করতে পারি ?

নিশ্চয়ই,যাও যাও।

11A

আমাদের সরবরাহকার গাদাখানেক পায়রা সরবরাহ করেছে...

বকম্

বকম্

বকম্

বকম্

বকম্

বকম্

লেখঃ সিজার। খুঁজেছি। গ্রাম।

হ্যাঁ, ছোট করে লেখাই ভালো।

প্রাপকের ঠিকানা লেখ।

তার কিছুক্ষণ পরেই ...

এই তো ভালোভাবেই যাচ্ছে !

ওফফ ! মার্কারির দিব্যি,আমরা কোন গ্রাম সেটা বলতে ভুলেই গেছি !

?

কোনও চাপ নেই, আমরা একটা পায়রা সংশোধন পত্র পাঠাবো।

আমাকে শুধু একটা মোটা পায়রা বেছে নিতে হবে যাতে এটা আগেরটাকে ছাড়িয়ে যেতে না পারে।

বকম্ ?

11B

সময় এসেছে এই আধুনিক সংযোগ ব্যবস্থার সম্মন্ধে কিছু কথা বলার ...

বক্‌ম

ফড়ফড়

ফড়ফড়

বার্তাবাহক পায়রারা নির্দিষ্ট স্থানে পৌঁছায় ...

ফড়ফড়

বক্‌ম

...সেখান থেকে তার বার্তাটি আরেকটি পায়রা নিয়ে যায় ...

যা উড়ে যা!

...এই সুন্দর নিরাপদ পদ্ধতি এর থেকে অনেক ধীরগতি সম্পন্ন 'সারসাস পাবলিকাম'* কেও পেছনে ফেলে দিয়েছে।

এরা কেন আরও লোক ভর্তি করছে না ?

হাফফফ

জলদী আয়, তুই জিতছিস!

* রোমান ডাক ব্যবস্থা

এর প্রধান শত্রু এখনো সেই বাজেরাই আছে ...

বক্‌ম !

12A

...এটা মাঝেমাঝে কুয়াশাছন্ন আবহাওয়ায় কেঁপে ওঠে...

?

...এটাও তাদের আরেক শত্রু।

আউ!

?

কাপ্তান, একটা পায়রার বার্তা আমার চোখে পড়েছে !

বক্‌ম

ওতে কি লেখা আছে ?

জানি নে কাপ্তান! আমি পড়তে পারি না !

কথায় বলে, 'ডাট ভিয়েনাম কর্ভাস ভেক্সাট সেন্সুরা কলম্বাস'।

পায়রাটাকে ধরে রাখিস!

হাতে ধরা পায়রা, যেমন কোথায় আছে !

বিঃদ্রঃ এটা খবর জাল করার একটা প্রাচীন নিদর্শন।

12B

গ্রামে রাত্রি নেমে আসে।

আমার তোমাকে নিয়ে চিন্তা হচ্ছে, ওবেলিক্স...

তুমি আজ সন্ধ্যায় মাত্র তিনটে বুনো শুয়োর খেয়েছ।

আমার রাশিফলের জন্য সংযত আছি ...

ফরর

বকম

বকম

বকম

ইতিমধ্যে ছোটবুদ্ধিক্স এর বাড়ীতে...

ঘড়ড়জজজ নতুন বিজয় ... ঘরঘর

আর বিশালাকৃতিক্স এর বাড়ীতে...

তুমি ওই লুতেশিয়ান খবর বিক্রেতাকে আমাদের সম্বন্ধে একটা দারুন ধারনা করিয়েছ , তাই না ?

আমরা ঝগড়া-বিরতি রেখেছিলাম না, আপত্তিকা ?

13A

ও আমাদের জন্য একটা পাণ্ডুলিপি নিয়ে আসলো যেটা রোমান সাম্রাজ্য কাঁপিয়ে দিতে পারে,আর বিশালাকৃতিক্স মশাইয়ের কোনও হেলদোল নেই!

?

তোমাকে অনেক ধন্যবাদ, ভবিষ্যতে বাচ্চারা জানবে যে সিজার **পুরো** গল দখল করেছে!

তাহলে তুমিও এটাই চাও, তাই তো ?

জরুরী বৈঠক, তোমরা তিন জন! আমরা রোমান সাম্রাজ্যকে কাঁপাতে পারি জেনেও আর আলসেমি করবো না!

13B

বেশকিছু...পরিণত চিন্তাভাবনার পরে, আমি সিদ্ধান্ত নিয়েছি যে সিজারের মিথ্যেটা আর সহ্য করা যাবে না !

আমাদের বংশধরদের এটা জানা আবশ্যক যে সিজার গলের **পুরোটা** দখল করতে পারে নি !

একদম ঠিক !

তাহলে সেক্ষেত্রে এর একটাই সমাধানঃ আমাদের পুরোহিত **আর্কিওপ্‌টেরিক্স** এর কাছে যেতে হবে যিনি কারনুটের জঙ্গলের থাকেন !

?

?

?

আর্কিওপ্‌টেরিক্স হলেন আমাদের জ্ঞানের গোপন রক্ষাকর্তা। উনি ওনার মনের পাতায় ছাপিয়ে নেবেন এই পাণ্ডুলিপির সব কথা যাতে আমাদের পরম্পরায় যেমন প্রয়োজন তেমনি, এক পুরোহিত থেকে আরেক পুরোহিতের মুখে মুখে গল্প বলার সেই ঐতিহ্য বজায় থাকে!

ফুফু ঘরঘর

14A

গলেদের সেই পুরনো প্রবাদ মনে নেই ঃ

লেখা চলে যায়, কথা থেকে যায়।*

* এই প্রবাদ,নিঃসন্দেহে সামান্য কিছু বিকৃতি এসেছে, সেটা এখন আমাদের কাছে প্রায় যথাযথ তর্জমায় এভাবেই প্রচলিত।

আমার ভাষণ শেষ ! অ্যাসটেরিক্স আর ওবেলিক্স,তোমরা আমাদের পুরোহিত কে কারনুটের জঙ্গলে নিয়ে যাবে, আর সঙ্গে পাণ্ডুলিপি থাকবে, যেটা তোমাদের আর্কিওপ্‌টেরিক্স এর কাছে নিয়ে যেতে হবে।

ঠিক আছে, দলপতি!

আমরা কি এবার ঘুমোতে যেতে পারি ?

এটাসেটামিক্স, মনে হচ্ছে তুমি পুরোহিতকে বেশ ভালোমতোই চেন, তাই না ?

হ্যাঁ, আমি ওনার সঙ্গে আরেকবার দেখা করতে পারলে বেশ আনন্দ পাবো ! আমার যুবা বয়সে আর্কিওপ্‌টেরিক্স পুরোহিত মহামন্দিরের শিক্ষক ছিলেন ...

আমার কোনও ধারণা ছিল না যে এটাসেটামিক্স... ঘরঘর ...কখনো যুবক ছিলো ঘর ঘর ঘর

14B

দিনের শুরুতেই ...
তোমরা সবাই রোমানদের এড়াতে পাশের এই ছোট্ট দরজাটা ব্যবহার করো !
ক্রিঁইইইককক !
অ্যাসটেরিক্স, সম্ভব হলে এই পাণ্ডুলিপিটা ফিরিয়ে এনো। সুযোগ পেলে ওটা আমি লুতেশিয়ার বেচে দেবো।
আমি নিয়ে আসবো, বিভ্রান্তরাজনীতিক্স।

জলদী করো, ওবেলিক্স !
গজগজ... আমার পাশের এই ছোট্ট দরজা দিয়ে বেরনোটা মোটেই পছন্দ নয় !

তোমাদের জঙ্গলযাত্রা শুভ হোক ! আর রোমানদের থেকে সাবধান !
চিন্তা কোর না। আমরা কিছুটা জাদু পানীয় নিয়ে নিয়েছি!
হুহ! এমন বলছে যেন আমাকেও দেবে !
15A
?
?
কিন্তু ... কিন্তু তাহলে আমার নতুন বিজয়ের কি হবে ?

এবার,বন্ধু আমার, চলো আমরা বরং আমার নতুন বই মহামান্য দলপতি বিশালাকৃতিক্সের লেখা 'সিজারের সঙ্গে যুদ্ধের উপাখ্যান' নিয়ে কিছু আলোচনা করে নেওয়া যাক ?

আমাকে কি কেউ বলবে আমরা ঠিক কি করতে কারনুটের জঙ্গলে যাচ্ছি ?
হুম্ম... আমি ঠিক এই প্রশ্নটার জন্যই অপেক্ষা করছিলাম।
15B

তোমার আগেই শোনা উচিত ছিল, ওবেলিক্স !

আমার খুব ঘুম পাচ্ছিল। এই বেকার কম-শুয়োরের ডায়েটে আমি বেশ দুর্বল হয়ে পড়েছি !

আমরা কারনুট জঙ্গলের একদম কেন্দ্রে যাচ্ছি আমার প্রাক্তন শিক্ষক আর্কিওপ্টেরিক্সের কাছে। একমাত্র উনিই এই সম্পূর্ণ অধ্যায়টা মনে রাখতে পারবেন।

বুঝলে, ওবেলিক্স, আর্কিওপ্টেরিক্স হলেন আমাদের জ্ঞানের বিপুল ভাণ্ডার, আর মৌখিক ঐতিহ্যের এক অনন্য পণ্ডিত।

এই আমাদের মতো গলদের ক্ষেত্রে জ্ঞান সর্বদা এক পুরোহিতের মুখ থেকে আরেক পুরোহিতের মুখে গল্পের মতো প্রবাহিত হয় ।

অনেকটা ঠিক শীতের মতো, তাই না?

মনে হচ্ছে এই পথের আর শেষ নেই ...

16A

আমি যা আন্দাজ করেছিলাম!

ওরা পালাচ্ছে !

সযযযয্ ! কু-কুকু কুউউউউ! তোমরা সবাই, নিচে নেমে এসো!

ওরা কি একটা সংগ্রহ করতে আরেকটা পুরোহিতের কাছে যাচ্ছে !

আমাদের এক্ষুনি খবরটা পাঠানো দরকার।

বিংদ্রঃ নামটা হল অ্যাপ্টেরপ্টার... অ্যাপ্টোপটেরো...

কড়াত

চিং পটাং

16B

হাঁদারাম কোথাকার,পায়রাগুলোকে ভাগিয়ে দিলি,তুতের দিব্যি !

ফড় ফড় ফড় ফড় ফড় ফড় ফড় ফড়

টকাস

?

?

রোমান পায়রা !
আমাদের ওপরে নজরদারী চলছে !

বাপরে! ওই বাঁটকুলটা তো এই দিকেই আসছে রে !

আমাকে নকল কর, জলদী !

কুউ! কুউউ!

আঁকক, আঁকক, আঁকক!

গক্ক গক্ক গক্ক গক্ক

?

কুউউ ওহহ !

কুউউ

কুউউ

ডিশুম

ঘিপ

কুউউ ?

দাঁড়া,ওবেলিক্স ! এটা তোর লড়াই নয়।

ধুড়ুম ধুড়ুম ধড়াম

ওরা নিশ্চই রোম থেকে এই পাণ্ডুলিপির খোঁজেই এসেছে !

শেষ হল? আমি চোখ খুলবো ?

এটা আমার খুব অপছন্দের। চলো আমরা যাই, জলদী !

ঘেউঘেউউ !

অ্যাসটেরিক্স, তুমি কি করে বুঝলে যে ওগুলো রোমান পায়রা ?

ওগুলো সবই ধূসর আর ওরা একটা নির্দিষ্ট ভঙ্গীতে উড়ছিল।

কুউউ কুউউউ...

যথেষ্ট হয়েছে!
তোমরা এবার কু কু করা বন্ধ করো,গাধার দল!

আমি তো এই তিনজন গলকে চিনি। অবাক হচ্ছি ওরা ছেড়ে পালালো।কি যেন নাম বলেছিল ?

এহ...আমাদের ছেড়ে পালালো।

তবুও আমাকে তুলোধোনা করে ছাড়লো...

কুউউ

আমরা ওদের পিছু নেবো। আমাদের জানতে হবে ওদের কাছে পাণ্ডুলিপিটা আছে কিনা।

ঠিক আছে। এরমধ্যে আমি ওদের গ্রামে নজর রাখার জন্য লোক পাঠাচ্ছি!

আর এইদিকে ধুমধাড়াক্কাসের বিশেষ দল রওনা নেয়...

কুউউ

...একটা নজরদারি ছদ্মবেশী সেনাবাহিনী গলগ্রামের চারিদিকে নজরদারির জন্য পাঠানো হয়।

আর মনে রাখবেঃ আমরা একটা প্যাপিরাস পাণ্ডুলিপির খোঁজ করছি!

হো,হো! নতুন সদস্যটাকে দেখলে ?

এব্যাটা আবার ঝাউগাছ সেজেছে !

ঝাউগাছ এর মগডাল থেকে সবকিছু দেখা যায়।

হিহিই হিহিই হিহিই!

হো! হো! হো!

হা! হা! হা!

হাসো,যতো খুশি হেসে নাও, বুদ্ধুর দল ! দেখা যাবে কে প্রশংসা পায়!

আর তারপর শুরু হয় দীর্ঘ প্রতীক্ষা ...

?

এই ছোট্ট হাঁটা হেঁটে আমি বেশ অনুপ্রাণিত হয়েছি। কাছে লেখার কোনও সরঞ্জাম আছে, বিভ্রান্তরাজনীতিক্স ?

হ্যাঁ,আমি সব সময় সঙ্গে বেশী কিছু কাগজ রেখে দেই।

পাণ্ডুলিপি!

আমি দেখতে পাচ্ছি ! বাকীরা সব হিংসায় সবুজ হয়ে যাবে !

এদিকে রোমে...

প্রভু গল থেকে দুটো বার্তা এসেছে !

অবশেষে ! আমায় দেখাও, জলদী!

? এহ...

আপনাকে উল্টো দিক দিয়ে পড়তে হবে,প্রভু।

অদম্য . গলেরা

পাড়ে . খুঁড়ে . গ্রামে

অদম্য গলেদের কাছে পাণ্ডুলিপি আছে ?

প্রমানঅন্ধবিশ্বাসীস, যদি এটা জানাজানি হয়ে যায় তবে আমি সার্কাসের সিংহের পেটে যাবো !

আরও কিছু বলার আছে, প্রভু...সিজার আপনাকে ডেকে পাঠিয়েছেন !

সিজার? কোন সিজার?

মহামান্য

সিজার ?

এটা অসম্ভব ! সিজার এতোটা তাড়াতাড়ি আপ টু ডেট হতেই পারে না ! এটা হতে পারে না !

জানো, ধুমধাড়াক্কাস, যে সিজার সবসময় আপ টু ডেট থাকে !

সে ভালোভাবেই বুঝেছে তোমার পরামর্শের কি পরিমান সাফল্য এসেছে !

দেখ ! সারা সাম্রাজ্য জুড়ে সব স্থান থেকে আমার সই নেবার জন্য বন্যা বয়ে যাচ্ছে !

CLIO

এমনকি আমার জ্যোতিষী গ্রীক ইস্পোও সে ব্যাপারে নিশ্চিত, তাই এই বইয়ের জন্যই সিজার তার উত্তরপুরুষদেরও হার মানিয়েছে!

ছড়াত!

তাই বুঝলে,আমি বইটার একটা দ্বিতীয় ভাগ লিখবো ঠিক করেছিঃ 'গলেদের সাথে যুদ্ধ ২'।

কিছুক্ষন পরেই...

যা ভেবেছিলাম! ও এখনো জানে না, কিন্তু আমাকে শীঘ্রই কিছু করতে হবে!

প্রমানঅন্ধবিশ্বাসীস, আমার দিনলিপি খালি করো। আমি কালকে ঝট করে একবার গল থেকে ঘুরে আসবো!

অবশ্যই,প্রভু!

এব্যাপারে সতর্ক থাকবে। যেন দেখে মনে হয় আমি অন্য সব জায়গার মতো বানিজ্য সফরে এসেছি।

20A

সেইমতো পরের দিন...

গল

রোমান সাম্রাজ্য

রোম

20B

এদিকে আমাদের তিন গলেরা কারনুটের জঙ্গলের সামনে এসে গিয়েছিল।
গরর !
আজব ব্যাপার তো। গোঁয়ার্তুমিক্স মুখ গোমড়া করে আছে।
আমি নিশ্চিত ওই তিনটে রোমান আমাদের পিছু নেওয়ার কারনেই...
কারনুটের জঙ্গল
অ-সাধুদের প্রবেশ নিষেধ
চিন্তা নেই। ওরা এই জঙ্গলের মধ্যে আমরা ওদের সহজেই ভাগিয়ে দেবো।
গররর !
chitrochor.blogspot.in
ওরা তো জঙ্গলের ভেতরে ঢুকছে !
আমরাও পিছু নেবো !
এটাসেটামিক্স !
?
উনিশবিক্স, বন্ধু আমার!
chitrochor.blogspot.in
21A
আমরা ঘুরি গোল করে বসন্তের বাগানে, বসন্তের বাগানে, বসন্তের বাগানে...
এভাবেই আমরা বসন্ত করি, পার সবার সনে, পার সবার সনে, পার সবার সনে...
chitrochor.blogspot.in
এসো পরিচয় করিয়ে দেই ইনি উনিশবিক্স,আমার পুরোহিত মহামন্দিরের পুরনো বন্ধু ! আমরা আমাদের কাস্তে ডিপ্লোমা একসাথে করেছিলাম।
পুরনো বন্ধু এটাসেটামিক্স ! একটুও বদলায়নি দেখছি !
আমি তো ভেবেছিলাম পূর্ণিমার আগে পর্যন্ত অগ্নিপ্রযুক্তিক্স পাহারার দায়িত্বে ছিল ...
ও ডেলফিতে ভবিষ্যৎবাণী শুনতে গেছে, ও না ফেরা পর্যন্ত আমি এখানেই আছি।
ওরা আরেকটা পুরোহিতের সাথে কথা বলছে ...
তবে এব্যাটাই নিশ্চয়ই সেই অ্যাপ্টার-অপ্টারোথিঙ্গি।
তোমরা নিশ্চয়ই সেই মহাপণ্ডিত দাদ্দুর কাছে যাচ্ছ ? হুম্ম। এখান থেকে জঙ্গল আরও গভীর হচ্ছে। আমি তোমাদের জন্য একটা পথপ্রদর্শকের ব্যাবস্থা করছি।
chitrochor.blogspot.in
21B

হুঙ্গশষষ
হুঙ্গশষষ
উনি কি বাঁশি বাজিয়ে ডাকছে?
একদম। আমরা এখন বাঁশি-সফর বিরতি নিয়েছি।
এই কাঠবিড়ালিটা তোমাদের অরণ্যের গভীরে পথ দেখিয়ে নিয়ে যাবে।
গরর...
কিইইচ
আর কিছুক্ষন পরেই ...
শুভ যাত্রা,মহাপণ্ডিত দাদ্দুকে আমার প্রণাম জানিয়ো।
তোমার কি মনে হয় আমি বাঁশি বাজালে বুনো শুয়োর আসবে ?
ধন্যবাদ, উনিশবিক্স। পরে আবার দেখা হবে।
কিইইচ
কিইইচ
ওরা একটা কাঠবিড়ালির পিছু নিয়েছে !
গলেরা সব পাগল !
চলো ওদের পিছু নেই ! আমাদের জানতেই হবে যে ওরা কাঠবিড়ালি ডাকে পাঠালো কিনা।
হুহউউউউউ
এহ... এক মিনিট !
পুরোহিতটা আবার বাঁশি বাজাচ্ছে।
কিন্তু এবারে আরেকটু নিচু স্বরে।
গররররআর
আমার মনে হচ্ছে আবার ওখানে ঝামেলা শুরু হয়েছে ...
কুউউ! কুউউ!
হ্যাঁ,আমি উনিশবিক্সকে বলেছিলাম রোমানদের একটু দেখে নিতে।

আর গলেরা তাদের পথে চলতেই থাকে ...

...জঙ্গল আরও ঘন হতে থাকে...

ওই দেখ ! বুনো ছাগল...

না, ওবেলিক্স, ওগুলো ইউনিকর্ন।

... আরও রহস্যময় হতে থাকে।

এই জল নিশ্চয়ই সব রোগ সারিয়ে দেয় ?

না, ওটা সাধারণ জল।

হুমম ! আমরা কি করে এটা পার করি ?

আমার একটা বুদ্ধি এসেছে!

আমরা পাথর ফেলবো। একটা, দুটো, তারপর তিনটে করে, বারেবারে। বুঝলে, ওবেলিক্স ?

না।

কিইইচ্ কিইইচ্

দাঁড়াও ! এভাবে করে লাভ নেই। কাঠবেড়ালিটা একটা সাঁকো খুঁজে পেয়েছে।

আমার একটা বুদ্ধি এসেছে !
ফ্যাক...হিহিহিহইহিইইই!

যথেষ্ট হয়েছে, ওবেলিক্স !

ইতিমধ্যে ...

আমি জানি না এটা কি জন্তু, তবে বেশ জোরেই তাড়া করেছে রে !

কুউউ!

ওই তো ওইটা ! আর্কিওপ্‌টেরিক্সের গাছ।
অসাধারণ,তুঁতের শপথ !
ঘেউউ !
রাত নেমে আসছে। চলো আমরা সবাই ওই পাথরের সমাধির নিচেই আশ্রয় নিই !

রাত নামার পরে...
নদীটা পার হওয়ার বুদ্ধিটা ভালো ছিল...
হ্যাঁ নদীর স্রোতটাও বেশ স্বাভাবিক লাগছিল।
আমরা আজ রাতটা বরং এই সমাধির নিচে কাটাই।
ঘর ঘর
ঘর ঘর
ঘর ঘর
গরর...
ঘেউউ! ঘেউউ!
কি হয়েছে , ওবেলিক্স ?
ঠিক বুঝতে পারছি না, তবে মনে হচ্ছে অন্য কেউ এসেছে...
24A
chitrochor.blogspot.in

দ...দুঃখিত ! আমরা জানতাম না যে এটা ব্যাক্তিগত সমাধিকক্ষ!
তোমরা ঝামেলা পাকানোর ওস্তাদ! আমার রাশিফল শুনে অন্তত একটু তো সংযত থাকতে পারো?
চাপ নিও না, ওবেলিক্স। আমার ওপরে ছেড়ে দাও !
ঢক ঢক ঢক
ঝনন ঝনন ঝনন
আউউ!
বকম!
না ! থামো ! পালাও, জুপিটারের দিব্যি !
দুড়ুউড়ুম
chitrochor.blogspot.in

আর ভোরের শুরুতেই...
আমি জানতাম না সমাধির নিচে শোয়াটা এতোটা চাপের ...
বাঃ, কি বুদ্ধি। এবার আমরা এটাকে আবার কি করে আগেরমতো সাজাবো !
ভালো হয়েছে যে ওরা পাণ্ডুলিপিটার খোঁজ পায়নি !
কিইইচচ!
ওবেলিক্স, কোথায় গেলে ?
এইতো ঠিক তোমার পেছনেই আছি !
chitrochor.blogspot.in
24B

কিছুপরে বাবাওরাম রোমান শিবিরে ...

জুলিয়াস সিজারের কূটনৈতিক দূত মহান লিবেলাস ধুমধাড়াক্কাস হাজির হচ্ছেন!

আস্তে।

আমাকে আরও ওপরে তোল, গাধার দল !

?

আস্তে,ধুমধাড়াক্কাস। আপনাকে স্বাগত জানা ... ?

ওয়াক ! কি নোংরা দেশটা ! ঘাসের সংস্পর্শে আসা আমার ঘোর অপছন্দের !

ঘষ ঘষ

আরও কিছুপরে...

তোমার কি মনে হয় ওই তিন গল গ্রাম ছেড়ে পালিয়েছে ? অদ্ভুত ! আমাদের লোকেদের বিবরণ কি বলছে ?

ওদের পায়রা অতো পরিষ্কার করে বলছে নাঃ দেখ.সাধা. সমা !

...আর এটা একটা ভাল্লুকের ব্যাপারে,কিন্তু পড়া খুবই দুষ্কর।

বকম

বকম

তাহলে খবর বিক্রেতা আর ওর পাণ্ডুলিপির কি খবর ?

এখনো গ্রামেই আছে। আমার সেনারা এ ব্যাপারে নিশ্চিত !

ঘষ ঘষ

25A

গ্রামের দুজন সেরা যোদ্ধা আর একজন পুরোহিত নেই, গ্রামটা এখনই আক্রমণ করার উপযুক্ত সময় ! আমরা সেনাদল নিয়ে আক্রমণ করতে পারি আর ...

ফচাআআং

আবার সেই একভাবে, ঘাসের ওপর দিয়ে দৌড়িয়ে? ছ্যাঃ ,ছ্যাঃ , ছ্যাঅ্যাঃ ! ,

হুইক!

না, আমার একটা ভালো বুদ্ধি আছে। আমরা এই খবরটা **বায়ু ডাক মারফৎ** পাঠাবো !

এদিকে গলগ্রামে ...

...আর এইভাবে আমি, গলের দলপতি মহামান্য বিশালাকৃতিক্স, গর্বের সাথে সিজারের সৈন্যদলের সাথে বছরের পর বছর যুদ্ধ করে চলেছি...

হ্যাঁ, অবশ্যই... তবে এসবের পেছনে আমাদের পুরোহিতের জাদু পানীয়ই আসল, তা ভুলে যেও না !

25B

আপত্তিকা, তুমি মনে হয় ভুলে যাচ্ছ যে আমি নির্দেশ দিচ্ছি !

এহ... জাদু পানীয় বলতে...

পুরোহিত না থাকা অবস্থায় যদি রোমানরা আক্রমণ করে,তাহলে কি হবে ? তোমাদের কি গোপনে জমিয়ে রাখা থাকে ?

অবশ্যই ! ওটা জরুরি পরিস্থিতির প্রথম ধাপ । দ্বিতীয় হল গিয়ে আমাদের চারণকবি, কিন্তু এর বেশী আর তোমাকে বলা যাবে না !

চারণকবিকেও জরুরি পরিস্থিতির জন্য বাঁচিয়ে রাখা ?

তোমার কি মনে হয় আমরা এতো বছর ধরে ওকে সহ্য করছি কেন ?

বেশ, বেশ ...

তোমার রাশিফল সবকিছু বলতে পারে না !

বক বক বক !

টিঙ্ক টিঙ্ক

এটা শুনে মনে হচ্ছে একটা নতুন জব্বর খবর !

জাদুপানীয়ের গোপন ভান্ডার ? এটা অসম্ভব নয়,কিন্তু তুমি যদি এ নিয়ে গল্পগুজব করতে চাও তবে পাশের মাছ বিক্রেতার কাছে যাও।

ফরাৎৎ

এক মিনিট। আমাকে আগে একটু বদলা নিয়ে নিতে দাও।

নতুন খবরের আশায় ঘুরছো বুঝি, বিভ্রান্তরাজনীতিক্স? তবে এই বর্বরগুলোর খবরের আশা ছেড়ে দাও ...

...আর আমার সাথে সঙ্গীতের মধুর দুনিয়ায় সফর করো।

কিছুক্ষণ পরেই...

ডিজজওওওইং...

...বললে বিশ্বাস করবে আমি এই ক্রাজিকর্ডটা আরও তীক্ষ্ণ সুরে বাজাতে পারি ! শোন !

না,না, আমি তোমাকে বিশ্বাস করি ! ওই বড়ো শিঙ্গাটা কি ?

হাম্বাহাম্বাবাঁশি ? ওহ ওটা পবিত্র।ওটা এখন বাজানো যাবে না।

?

ওটা কেবল বিশেষ অনুষ্ঠানেই বাজানো হয় !

বুঝেছি।

যেও না ! তোমাকে তো এখনো ইনফিউরিয়াটিনাটা শোনানো বাকি আছে !

অনেক ধন্যবাদ, কলরবিক্স, কিন্তু আমি যথেষ্ট শুনে নিয়েছি !

27A

এদিকে,কারনুটের জঙ্গলে ...

আর্কিওপ্‌টেরিক্সের সেই ওক গাছ !

আমাদের রাস্তা দেখানোর জন্য তোকে ধন্যবাদ জানাই !

আমার মনে হচ্ছে কুতুয়াটার হিংসে হচ্ছে...

গজগজ

27B

আর্কিওপটেরিক্স ? আমি এসেছি, আপনার পুরনো ছাত্র !
হ্যাঁ, একটা সুন্দর পুরনো গন্ধ...
কি সুন্দর পুরনো ওক গাছ তাই না !

এটাসিক্স? এটাসেটামেট্রিক্স?
এটাসেটামিক্স,মাস্টারমশাই ! এরা হল অ্যাস্টেরিক্স আর ওবেলিক্স !
আর গোয়ার্তু-মিক্স!
ঘেউ !

ভূগোলমিক্স, ঠিক ঠিক ! আসলে আমার স্মৃতি আজকাল আমার সাথে খেলা করে !
সেই জাদুর শরবত মাস্টারমশাই !

সেই জাদুর মলম যা মাখলে সবাই দুর্বল হয়ে পড়ে !
সেই জাদুর পানীয় যা পান করলে সবাই শক্তিশালী হয়ে পড়ে, মাষ্টারমশাই !

ঠিক তাই ! আমি বেশ আনন্দিত হয়েছি যে ছোটবেলায় এক ফক্করে মস্তান থেকে তুমি এখন একজন শ্রদ্ধেয় পুরোহিত হয়েছ !

হো,হো! মনে পড়ে একসময় তুমি একটা বসন্তের ফুল বানিয়ে আমার পাজামায় লাগিয়ে দিয়েছিলে,যেটা ফুটেছিল, ট্রালা লা?
এহ... আমি আসলে আপনার কাছে এসেছি একটা পাণ্ডুলিপি মুখস্ত করাতে, মাস্টারমশাই!
ফিকফিক...
ফিকফিক...

আরেকটা পাণ্ডুলিপি ! আমার বেচারা মাথাটা পুরো ভরে গেছে ! মাঝেমাঝে আমার মনে হয় যেন আর একটা শব্দও বুঝি আমি আর মনে রাখতে পারবো না !
অ্যাই তোমরা দুজন চুপচাপ ওখানেই দাঁড়িয়ে থাকবে।
হুউহুউ! ফক্করে মস্তান!
হো, হো,হো! ফুল বানিয়েছিল যেটা পাজামায় ফুটেছিল, ট্রালা লা... *

*প্রাচীন ব্রিটিশ চারণকবি গিলবার্ট্যাক্স ও সুলিভানাক্সের লেখা একটা গান বিশেষ।

পরে...
এই অ্যাম্ফোরাগুলো দেখ বেশ মজাদার ?
হ্যাঁ, ওতে নিশ্চয়ই পুরোহিতদের রাখা নানা রকম পানীয় ওষুধ থাকবে...
তোমার কি মনে হয় আর্কিওপ্টেরিক্স কিছু মনে করবে আমি যদি একটু ...
সে ব্যাপারে সন্দেহ আছে। চলো,আমরা বরং বাইরেই এটাসেটামিক্সের জন্য অপেক্ষা করি।

ঠিক সেই মুহূর্তে...
SPQR

29A
কিহে, বাছা? লুতেশিয়ার জন্য মন খারাপ করছে ?

আমার মতো করো ! পাগুলো নাড়াও ! তুমি নিশ্চয়ই রাশিফলে বিশ্বাস করো !
পকাত
একটা বার্তা ! রোমান ঈগল প্রেরিত !
ওরেব্বাবা ! আমি এই বড়ো বার্তাবাহক ঈগলগুলোকে খুব ভয় পাই !
ঈগল, আকেলা ফিরে এসেছে, হে ধুমধাড়াক্কাস !
চমৎকার ! এবার আমাদের শুধু অপেক্ষা করতে হবে।

29B

এটা পড়ে দেখ ঃ ' আমাদের সাথে বাবাওরামে দেখা করো, কথা আছে ! সইঃ জুলিয়াস সিজার !
কি ? সিজার আমার সাথে দেখা করতে চায় ?
যেওনা ! এটা একটা টোপ !
আমার তো মনে হচ্ছে না। হারানো পাণ্ডুলিপির খবর চারিদিকে ছড়িয়ে পড়ার ভয়, সিজার পেয়েছে !
একবার ভেবে দেখঃ জুলিয়াস সিজারের সাথে সামনাসামনি একটা সাক্ষাতকার ! কি **সুবর্ণ সুযোগ !**

রাতের বেলায়...
আরে আমি বলছি তো, ওটা আমাকে নিমন্ত্রণ করেছিল...
তুমি এ ব্যাপারে নিশ্চিত ?
মাঠের আশেপাশেই পাইচারি করবো। কথা দিচ্ছি সাবধানে থাকবো !
আশাকরি ওকে সমান্য একটু জাদু পানীয় দেওয়ার কথা তোমার মাথাতেই আসেনি ?
?
কিন্তু আপত্তিকা, তুমি তো জানোই আমাদের জমানো যা আছে তা শুধু গ্রামবাসীদের জন্যই ...
বক বক বক !

30A

' সিজারের সাথে সাক্ষাত '
লেখক আমাদের বিখ্যাত সংবাদদাতা বিভ্রান্তরাজনীতিক্স।

' আমি কখনোই গলের পুরোটা জয় করিনি '
সিজারের সতন্ত্র স্বীকারোক্তি সাম্রাজ্যের ভিত নড়িয়ে দেবে !

' রোমান শিবির নিস্তব্ধ লাগছিল '
একটা বেশি ঝুঁকিপূর্ণ খবরের পুঙ্খানুপুঙ্খ বিবরণ ...

30B

ইতিমধ্যে,এটাসেটামিক্স, আর্কিওপটেরিক্সকে পাণ্ডুলিপি পড়ে শোনাতে থাকে ...

'...এই অদম্য গোষ্ঠী অশিক্ষিত এবং অপরিচ্ছন্ন গলদের নিয়ে গঠিত যাদের আইন-শৃঙ্খলার ব্যাপারে কিছুই জানা নেই...'

সিজার বেশ ভালোই লেখে তাই না ?

...'ওদের গোষ্ঠীর মধ্যে একজন লাল বিনুনি করা ওবেলিক্স নামের এক মোটা যোদ্ধা আছে আর...'

?

স্থূল ? মোটা ?

ও কাকে মোটা বলছে ?

সত্যিকথা বলতে, আমি জানতে চাই !

সিজার একদম বাজে লেখে!

ঘেউউ ! ঘেউউ !

31A

ওবেলিক্স,দয়া করে শান্ত হয়ে বসে থাকো ! তুমি আমাদের পান্ডুলিপি রেকর্ডিং এ বাঁধা দিচ্ছো !

শুনতে পেলে ? ওদের কাছেই পাণ্ডুলিপি আছে ! আমাদের কি সৌভাগ্য !

আমাদের অবশ্যই বাবাওরামে জানানো উচিত!

আমি এই জঙ্গল থেকে বেরোতে চাই। আমি বাড়ি যেতে চাই...

জুপিটারের দিব্যি, ভাগ্যিস একটা পায়রা বেঁচে ছিল !

বকম

এইবার তুই যা !

ফরর ফরর

না, দাঁড়াও !

ফরর ফরর

আমি তো বার্তা লাগাতে ভুলেই গেছি ...

31B

'...এরপর করসিকার কান্ড শুরু হয়। আমাদের করসিকান বন্দীর নাম ছিল রোগাছিলযোদ্ধাপথিক্স...'

গররর

গোঁয়ার্তুমিক্স এখনো রেগে আছে বলে মনে হচ্ছে...

ওটা গোঁয়ার্তুমিক্স না, আমার পেট গুড়গুড় করছে। এই হালকা ডায়েটে ওর আর পোষাচ্ছে না...

গররর

জানো ওবেলিক্স, আমি ভাবছিলাম। বুনো শুয়োরের প্রতি সংযত থাকতে গিয়ে তোমার নিজের সাথেই মতবিরোধ হচ্ছে ...

...আর তোমার রাশিফলে তো ঝামেলা থেকে দূরে থতে বলেছে, সুতরাং ...

...সুতরাং আমি যদি ঝামেলা এড়াতে চাই ...

ঘরঘর

তবে আমার শুয়োরের প্রতি সংযত না থাকলেও চলবে !

অ্যাসটেরিক্স, তুমি সত্যিই অসাধারণ ! তোমার এই সুন্দর উপদেশের জন্য অনেক ধন্যবাদ !

সে আর বলতে।

?

?

?

হেই...কোথায় চললে ?

বুনো শুয়োর শিকারে ! আমার ক্ষিদে পেয়েছে !

কিছুক্ষন পরেই ...

ইইইক !?! আবার তুমি ?

সত্যি বলছি, আমরা এক্ষুনি চলে যাচ্ছিলাম !

কুউউ

?

কুউউ

আমরা চলি !

এহেহে হেহে !

কুউউ

গররর

তাহলে একটু হিসাব কষে নেই : রোমানদের প্রতি সদয় হওয়ার জন্যই আমার নিজের সাথে মতবিরোধ হচ্ছিল, বুনো শুয়োরের থেকে সংযত থাকার ক্ষেত্রেও একই জিনিষ, আর আমার ঝামেলা থেকে দূরে থাকা উচিত ...সুতরাং আমি যদি রোমানদের ছেড়ে দেই, এর ...

?

পরদিন সকালে ...

দেখো, তুমি দেখেছো ? বিভ্রান্তরাজনীতিক্স এখনো ফেরেনি !

আমি ওকে সতর্ক করেছিলাম !

সিজার নিশ্চয়ই রেগে আগুন হয়ে আছেন। উনি আমাকে নিমন্ত্রণ করেছিলেন !

বলেছিলাম ওকে কিছুটা জাদু পানীয় দিয়ে দিতে!

আমাদের জমানো জাদু পানীয়গুলো সব জরুরী পরিস্থিতির জন্য সংরক্ষিত ।

আমি আপত্তিকার সাথে একমত। একটুখানি কখনো কখনো দেওয়া যেতে পারে...

এটা তো জানা কথা যে ও আপত্তিকার পক্ষেই থাকবে ...

বেলেনোসের দিব্যি! তোমাদের মনে করিয়ে দেই যে আমি দলপতি !

সেটা বেশ ভাগ্যের ব্যাপার, কারন রোমানরা আপনাকে দেখতে চাইছে !

ওয়াক ! আমাকে ওপরে তোল ! এখানে পুরোটাই ঘাসে ভর্তি !

গলেরা শোন, আমরা সংবাদ বিক্রেতাকে গ্রেফতার করেছি। আমাদের সিজারের পাণ্ডুলিপি ফেরত দাও!

রোমানরা,আমাদের কাছে কোনও পাণ্ডুলিপি নেই। আর তোমরা কি ভাবছো আমাদের ভয় দেখাতে পারবে...
আপত্তিকা, আমাকে বলতে দাও !
রোমানরা,আমাদের কাছে কোনও পাণ্ডুলিপি নেই! আর তোমরা কি ভাবছো আমাদের ভয় দেখাতে পারবে...

জরুরী পরিস্থিতি
জলদী জরুরী পরিস্থিতি শুরু করো।
কি ?
জরুরী পরিস্থিতি?
ওদের আবার জরুরী পরিস্থিতিও আছে ?
আমাদের ঠিকভাবে কিছু জানানো হয়নি !

ও ঠিকই বলেছে ! জরুরী পরিস্থিতি শুরু করো !
আপত্তিকা, এখানে থেকে তোমার কোনও কাজ নেই !

34A

গলেরা, আমার সহ্যের সীমা ছাড়িয়ে যাচ্ছে ! হারানো পাণ্ডুলিপির পরিবর্তে আমাদের বন্দী , আর জলদি করো!

ওদের কথায় কান দিও না!এটাই চলতি খবর !
ঠিক আছে, তাহলে আমরা কখন এটা শুরু করবো ?
?

আমিই সব শুরু করবো,বুঝলে?
জলদী করো, আসল কথায় এসো !
আমি আসল কথায় তখনই আসবো যখন আমার ইচ্ছে,বুঝলে!
বক বক বক!
জুপিটারের শপথ ! ঠিক জানি এই আসল কথাটা কি !
?
?

34B

এহ ... দলপতি বিশালাকৃতিক্স,আমরা সবাই আপত্তিকার সাথে একমত। আমাদের জলদী করা উচিত আর ...

!

ওহ, তুমি আপত্তিকার সাথে একমত? তাই না, তাহলে তুমি আর আপত্তিকা নিজেরাই সব ঠিক করে নাও ! সত্যি কথা বলতে, আমি দেখতে চাই ! আমি একদম বিরক্ত হচ্ছি না !

?

?

?

?

?

ওরা কি করছে ?

দেখে তো মনে হচ্ছে মুখ গোমড়া করে দাঁড়িয়ে আছে ...

তোমার কি মনে হয় এটাই কি জরুরী পরিস্থিতি ?

যথেষ্ট বকবক হয়েছে,গলের দল!

তোমাদের হাতে আর একটুখানি সময় আছে !

ক্লিক

35A

কিছুক্ষনের মধ্যে ফোবিয়াসের* রথ মধ্য গগন পেরিয়ে চলে আসবে। আমি তখন আমার তরোয়াল নামাবো, আর তোমাদের চিন্তা ভাবনার সময় সমাপ্ত হবে।

* সূর্য দেবতা

কি ? রথ ? কোথায় ?

?

?

?

?

ফোবিয়াসটা আবার কে?

কিন্তু... ওহ,চারণকবি আমার! ওরা সবাই আবার শুরু করেছে পাগলামি!

35B

জলদি!
হাম্বাহাম্বাবাঁশি !

হাম্বাম্বাম্বাম্ব
হাম্বাম্বাম্বাম্ব
হাম্বাম্বাম্বাম্ব

হাম্বাম্বাআআআআআ

এটা কি ?

বীভৎস,
এটা কি জিনিষ
রে বাবা !

শুনলাম ওরা নাকি মানুষ
বলী দেওয়ার পরিকল্পনা
করছে !

হাম্বাহাম্বাবাঁশির শব্দ তৎক্ষণাৎ
চারিদিকের গোষ্ঠীদের কানে
গিয়ে পৌঁছায় ...

...আর একমত শব্দসরূপ,এটা অন্য
দিকে তক্ষুনি প্রেরণ শুরু হয়ে যায়...

হাম্বাআআআ
হাম্বা
হাম্বা

?

36A

...জঙ্গলপশ্চাতের গলেরা ...

দড়াম
দড়াম
দড়াম

... বাকি সব গলেরা ...

দড়াম
দড়াম
দড়াম

?

ধকাং
ধ্বং
ধ্বং

...আর বাকি চলন্ত
জীবেরা।

হাউউউ
উউউউ
রুউউ

দেখতে দেখতে,এর
কিছু কম্পিত ধ্বনি ...

আমি সাইরেনের
আওয়াজ পাচ্ছি !

হাউউউ হাউউউ
হাউউউ

বাদ দাও।ওরা
সবসময় ভুল
পথ দেখায় !

আর তারপর
আমরা পাহাড়ে
ধাক্কা খাই !

...কারনুটের জঙ্গলেও এসে পৌছায়,সেখানে
উনিশবিক্স সেটা পুনঃপ্রেরণ করে।

টুইট
টুইট টুইট

ফুরর
ফুরর
ফুরর
ফুরর

36B

ওগুলো সব এখানে গেঁথে গেছে ! তোমরা খালি মাথা নিয়ে ভূগোলমিক্সের সঙ্গে নিশ্চিন্তে ঘরে ফিরতে পারো !

কিইইচ কিইইচ

?!

বিপদ সঙ্কেত !

গরর

কিইইচ ! কিইইচ ! কিইচচ !

একটা বড়ো সঙ্কেত, আর দুটো ছোট ...ব্যাস !

জরুরী পরিস্থিতি।

গ্রামবাসীরা বিপদে পড়েছে !

জলদী, জাদু পানীয় দাও !

দুঃখের বিষয় যে আমার কাছে যা আছে তাতে এতোটা দূরত্ব এতো তাড়াতাড়ি পেরোনো যাবে না !

ও আর্কিওপটেরিক্স, আপনার কাছে কি কিছুটা থাকতে পারে...?

ভালো বলেছ, অ্যাস্ট্রনমিক্স ! আমার সাথে এসো।

37A

এখানেই আমি সব পুরোহিতদের পানীয় ওষুধ রাখি। আমি এগুলো ঈর্ষার সাথে পাহারা দেই।

এবার আমাদের সঠিক পানীয়টা খুঁজতে হবে। এটা চুলের বৃদ্ধি রোধ করে...এই মলমটা অস্ট্রগথের লালা দিয়ে তৈরি...

শুঁক ! এটা পাইনের রজনের রস স্থূলবুদ্ধি-সম্পন্ন উপনিবেশকারী ক্রীটদের দুরে রাখার জন্য।

আর...আহ,এই তো ! এটাই তোমার জাদু পানীয়, ভূগোলদাসিক্স।

এতো বছর জারিত হওয়ায় ফলে, এর প্রভাব কিন্তু বিধ্বংসী হতে পারে।

আমি একটু পেতে পারি ?

37B

সাবধানে, এটাসেটামিক্স!

আমাদের নষ্ট করার মতো সময় নেই। এক ফোঁটাও আসক্তি ঠিক নয়।

তুঁতের দিব্যি, এটা সত্যিই বেশ কড়া জিনিষ !

তুমি না, ওবেলিক্স !

আহ, যুবকের দল!

গনগনগন... এটা অনুচিত !

GLUG!

আমরা চললাম !

এই ... এই, আমার জন্য দাড়াও !

38A

আর আমাদের বন্ধু ত্রয়ীরা ঘরের দূরত্ব এক নিমেষেই পার করে ফেলে ...

ভ্রুমমম

আমি কোনও জারিত পানীয় খাইনি,একটুও না !

আরমোরিকা

কারনুটের জঙ্গল

গলেরা! আমি আমার তরোয়াল নামালাম কিন্তু,জলদী পাণ্ডুলিপি পাঠাও!

কি হে, রোমানদল!
আমরা অনেকটা পথ পেরিয়ে এসেছি! কিন্তু তোমরা হয়তো এটার খোঁজ করছ ?

38B

পাণ্ডুলিপি! আমাকে ওটা দাও, অশিক্ষিত বর্বর কোথাকার!

দিতে পারি, কিন্তু আগে বন্দীকে খালাস করো!

খবর বিক্রেতাকে খালাস করো!

এই নাও। আর এটা জেনে রাখো রোমান, যে একটুকরো প্যাপিরাস গলেদের কোনও কাজের না!

হিহি! তোমরাই ভালো জানো! এবার বুঝবে!

বিশালাকৃতিক্স! রোমানদের সাথে এই ঝামেলার কারণ ? তুমি কেন সংকেত পাঠাও নি ? তুমি না দলপতি!

এবার বুঝলে!

ঠিক, এবার বলি! ভাণ্ডার আমার বসার চেয়ারের তলায় মেঝের নিচে রাখা আছে! এটা বলে দাও!

তক্ষুনি বিখ্যাত সেই মৌখিক ঐতিহ্য শুরু হয়ে যায় ...

ভাণ্ডার!

কোথায়?

মেঝের নিচে...

চেয়ারের তলায়...

কি জিনিষ ?

তুমি এখন জাদু পানীয় মেঝের নিচে রাখা শুরু করেছো ?

বক বক বক!

ওরা বলছে ওর চেয়ারের নিচে ভান্ডার লুকোনো আছে!

কিন্তু আমি তো শুনলাম আমার গাড়ির নিচে?

আমার তো মনে হচ্ছে এগুলো সব সাঙ্কেতিক শব্দ।

আমি কি কাছে গিয়ে আরও কিছু শোনার চেষ্টা করবো, সেঞ্চুরিয়ান ?

খুঁজে পেয়েছি! খুঁজে পেয়েছি!

পরিস্থিতি ভয়ঙ্কর মনে হচ্ছে, কি ধুমধাড়াক্কাস ! আমার মতে আমাদের আক্রমন করা উচিত।

অসম্ভব! আমাকে আগে ওই পাণ্ডুলিপি ফেরত দাও!

কি করছ ? পাগল নাকি ?

দুনিয়ার জানা উচিত যে সিজারও মিথ্যে বলেছিল!

সৈন্যরা! আমার হুকুমে !

না! ঘাসের থেকে দূরে! ঘাসের থেকে দুউউউরে!

সৈন্যরা, আক্রমন করো ! আমরা পাণ্ডুলিপিটা উদ্ধার করবো!

হাম্বাআআআআআআআআআআআ হাম্বা আআআআআআআআআ

আমাদের নিজেদের জরুরী পরিস্থিতি কি, সেঞ্চুরিয়ান ?

দেখলে এটাসেটামিক্স ? ঠিক এইভাবে অনেকটা নর্দমা সাফ করার মতো...

হ্যাঁ,এই জারিত পানীয় অসাধারণ কার্যকারী! এটা আমার পিঠের বেথা সারিয়ে দিয়েছে !

বাঁচাও! বাঁচাও!

ওরা সব কোথায় ? কোথায় সব ? পাগল নাকি কি জোরে দৌড়েছে!

ওদের দলের নেতা! সেই মোটা যোদ্ধাটা! বাঁচাও!

ওহ, ওবেলিক্স, আমি তোমাকেই খুঁজছিলাম।
?
সমাচারিক্স সংবাদ পত্র ভুল পড়েছিল। ও আমাদের রাশিফল গুলিয়ে ফেলেছিল।
ওটা তোমার উচ্চাকাঙ্ক্ষা প্রশংসিত হবে, আর তুমি নতুন বিজয়ের আশা করতে পারো...

41A
আর আমাকে ঝামেলা থেকে দূরে থাকতে হবে আর ঝলসানো শুয়োরের থেকে সংযত থাকতে হবে ...
আমার ঝামেলা থেকে দূরে না থাকলেও চলবে ! আমার ঝামেলা থেকে দূরে না থাকলেও চলবে ! আমার ঝামেলা থেকে ...

41B
না তোকে দেবো না ! এই পান্ডুলিপিটা **সিজারের** সম্পত্তি !
গররর

আর তোমাদের **সিজারের** সম্পত্তি **সিজারকেই** ফিরিয়ে দেওয়া উচিত!
41C

পুরো রোম জুড়ে
তোমার তড়িঘড়ি পালানোর চর্চা করা হচ্ছে ,
ধুমধাড়াক্কাস। আর আমি ভেবেছিলাম তুমি
দেশটাকে অপছন্দ করো ?

সি...
সিজার ?

আজকাল পায়রাদের থেকেও কিছু বোঝা বড় দায়। আমি রেগে ছিলাম।
তখনি তোমার প্রাসাদ থেকে এই অদ্ভুত সাংকেতিক বার্তার চিরকুট
উদ্ধার করা হয়,আর তারপরেই তোমার সন্ধানে এতোদূর আসা...

হ্যাঁ,হিহিহিহিহি ! বুঝলেন ?
আপনাকে শুধু ওগুলো উল্টো দিক
থেকে পড়তে হবে...

অদম্য গালরা
পাণ্ডু . খুঁজে . গাছে

আপনার আরমোরিকার
অধ্যায়টা কাবাড়ে পরিনত
হয়েছে, কিন্তু আমি তাও
সেটা উদ্ধার করছি ...

উদ্ধার !
তোমার গাফিলতির জন্য
আমাকে সেনেটে হাসির
পাত্র হতে হয়েছে !

গলেরা এ ব্যাপারটা
এখানেই ইতি টানা হোক !
পাণ্ডুলিপির বাকিটাও আমার।
ওটার পরিবর্তে তোমরা
কি চাও ?

আমরা তোমার লেখার কোনও পরোয়া করি না।
একজন গল হিসাবে,আমাদের শুধু মুখের কথাই
ধরা হয় ! কিন্তু তুমি যখন বলছ ...

এর পরিবর্তে,আমাদের
কথা দিতে হবে যে আর
গলের কোনও খবর
বিক্রেতাকে শাস্তি দেওয়া
যাবে না

আর,ধুমধাড়াক্কাসের
সব বন্দী কর্মচারীদের
মুক্ত করতে হবে!

ওর কথা শুনবেন না,
মহান সিজার! ও সাঙ্ঘাতিক প্রতারক!
আমি আপনাকে এটাই
পরামর্শ দিচ্ছি ...

তুমি এখন আর আমার
পরামর্শদাতা নও! সিপাহীরা!
একে গ্রেফতার করো!

গ্রর

কিন্তু...কিন্তু আপনি নিশ্চয়ই আমাকে ঘাসের ওপর দিয়ে হাটাবেন না,তাই না ? সেটা নিষ্ঠুর ও নির্দয়ের মতো হবে !

গলযোদ্ধারা আমি কথা দিলাম, তোমরা সিজারের ওপরে ভরসা করতে পারো ... ।

চলো যাও! বলছি তো, তুমি পারবে !

এই, জুলস্, এটা স্মারকলিপি হিসাবে সঙ্গে রাখতে পারো। তোমার সঙ্গে আমাদের যুদ্ধের বিষয় নিয়ে আমার ধারাভাষ্য !

?

তুমি তোমার বইতে ভুল সংশোধন করার জন্য ব্যবহার করতে পারো !

হুম্ম !

হা হা হা! এটা খাসা ছিল! দলপতির জয় হোক! বিশালাকৃতিক্স জিন্দাবাদ!

আমার ছোট্ট দল -পতি...চুমু-চুমু।

43A

ক্ষমা করুন,হে সিজার ! আমাদের পরিকল্পনা মাফিক বাকি বইগুলোর কথা মনে করুনঃ সিজারের সেরা ধারাভাষ্য,আমার মুকুটের একশো কৌশল ...

ক্লিওপেট্রাকে আমার পাঠানো সেরা প্রেমপত্র ! আমি যেটার **চরম** সাফল্য ভবিষ্যতবাণী করেছিলাম !

কিছুক্ষন পরে...

ফুউউ! কি যে মজা লাগলো কি বলবো। বাকিরা সব গেল কোথায় ?

তুমি মৌখিক সংকেত শুনতে পাওনি ? ওরা সবাই তো ভুরিভোজের আয়োজন করতে গেছে। **তুমি আজ যতো খুশি শুয়োরের রোস্ট খাবে, তুঁতের দিব্যি !**

স্যার! একটা পায়রা! সিজার আসছে...

43B

আর অবশেষে আসুন শুনে নেই সিজারের গলেদের যুদ্ধপ্রসঙ্গে ওবেলিক্সের কিছু কথা...

সিজার লিখেছিল যে আমিই গলেদের নেতা সেই মোটা মানুষ...গব,গব ...লেখাটা চোখে না দেখলে তোমরা তো আবার এসবে বিশ্বাস করবে না!

ফোর-ফোঁৎ

গররর্

44A

পুনশ্চ – হস্তলিপি

সিজারের আরমোরিকার পরাজয়ের কাহিনী নিয়ে শোনা সেই পরিচ্ছেদ কি সময়ের গোলকধাঁধায় হারিয়ে গিয়েছিল ? আমরাও সে ব্যাপারে নিশ্চিত নই !

শোনা যায় যে, সেই প্রাচীন সঠিক সুন্দর রীতিনীতি অবলম্বন করে এর কাহিনী এক পুরোহিতের অন্য পুরোহিতকে মুখে মুখে গল্পের মতো শোনাতেন, ...

...আর সেক্ষেত্রে হয়ত সামান্য কিছু বিকৃতিও ঘটতো না এমন নয় ...

সেই পুরোহিতটার নাম কি যেন ছিল ভূগোলমিক্স না ভূগোলদাসিক্স?

...এটা কানে এসে পৌঁছায় দুজন অতুৎসাহী আধুনিক অনুলেখকদের হাতে, যারা এটাকে নিখুঁত খুঁটিনাটি সমেত সবকিছু লিখে ফেলেন...

শুনতে পেলে, আলবার্ট?

অবিশ্বাস্য, রেনে!

...আর এইভাবেই জন্ম নেয় এই বিষয়ের এক মজাদার গল্পের সিরিজের ... অবশ্যই এগুলো কিন্তু সবই শোনা ঘটনা !

করসিকায় অ্যাসটেরিক্স

FERRI + CONRAD

শুভ সমাপ্তি

জুলিয়াস সিজার
তার গলদেশ
অভিযানের ইতিহাস
লিখে শেষ করেছেন।
ওনার প্রকাশক,লিবেলাস
ধুমধাড়াক্কাস,তার বইয়ের
চরম সফলতা চাক্ষুষ দেখতে
পাচ্ছেন...কিন্তু একটাই সমস্যা
একটা অধ্যায়,যাতে আরমোরিকায়
গলেদের সাথে যুদ্ধে সিজারের
পরাজয়ের উল্লেখ রয়েছে।
বাতিল করুন, ধুমধাড়াক্কাস পরামর্শ
দেয়,আর সবাই বিশ্বাস করবে যে
সিজার সম্পূর্ণ গলদেশ জয় করেছেন।
তাই কি ? প্রসিদ্ধ খবর বিক্রেতা
বিভ্রান্তরাজনীতিক্স সেই অধ্যায়ের পাণ্ডুলিপি
অ্যাসটেরিক্স এর গ্রামে নিয়ে আসে। গলেরা
কি সত্যিটা জনসমক্ষে আনতে পারবে ?
জানতে হলে পড়তে থাকুন
অ্যাসটেরিক্স ও হারানো পাণ্ডুলিপি।
শুধুমাত্র চিত্রচোর ব্লগে।

আগে প্রকাশিত হয়েছে ঃ-
অ্যাসটেরিক্স ও পিক্ট দল

অনুবাদ ঃ রূপক ঘোষ

UDERZO